

রাজশাহী কলেজ, রাজশাহী

ডকেট নং ৫৫২

তারিখ ২৭/০২/২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জ এর কার্যালয়, রাজশাহী।
ইমেইল : rajshahi@cs.dghs.gov.bd

২৭/০২/২৪
২৭/০২/২৪

স্থাপিত. ১৮৭৩

স্মারক নং- সিএস-রাজ/স্মা: শি./ ১৪৩১/২০২৪ /২৫৮৭

তারিখ: ২৫-১১-২০২৪ খ্রি:।

বিজ্ঞপ্তি

বিষয় : ডেঙ্গু রোগ প্রতিরোধের স্বাস্থ্যবর্তী প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সম্প্রতি আমাদের দেশের সকল জেলাতে ডেঙ্গু রোগে আক্রান্ত রোগীর বাড়ছে। এ রোগের ভাইরাস বহনকারী এডিস মশার কামড়ের মাধ্যমে মানুষ থেকে মানুষে এ রোগ ছড়ায়। এডিস মশার বংশ বিস্তার রোধ ও মশার কামড় এড়ানোর মাধ্যমে এ রোগ প্রতিরোধ করা সম্ভব। এ ক্ষেত্রে প্রয়োজন সকল পর্যায়ের মানুষের মাঝে সচেতনতা বৃদ্ধি করা।

এমতাবস্থায় উল্লিখিত বিষয়ে মাঠপর্যায়ে প্রচার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

প্রচার-প্রচারণা বৃদ্ধির সহায়ক হিসেবে নিম্নে “ স্বাস্থ্যবর্তী ” সংযুক্ত করা হলো।

সংযুক্ত : ডেঙ্গু রোগ প্রতিরোধে স্বাস্থ্য বর্তী সম্বলিত লিফলেট।

২৫/১১/২৪
ডাঃ আবু সাইদ মোহাম্মদ ফারুক
সিভিল সার্জন, রাজশাহী
টেলিফোন: ০২৫৮৮৮৫৭০৩০

স্মারক নং- সিএস-রাজ/স্মা: শি./ ১৪৩১/২০২৪ /২৫৮৭ (৩)

তারিখ: ২৫-১১-২০২৪ খ্রি:।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২-। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।

২। পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী বিভাগ, রাজশাহী।

৩। জেলা প্রশাসক, রাজশাহী।

৪। প্রধান, স্বাস্থ্য শিক্ষা বুরো / লাইন ডাইরেক্টর, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৫। বিভাগীয় স্বাস্থ্য শিক্ষা অফিসার, পরিচালক (স্বাস্থ্য) এর কার্যালয়, রাজশাহী বিভাগ, রাজশাহী।

৬। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী - সংযুক্ত “স্বাস্থ্য বর্তী”টি স্বাস্থ্যকর্মীদের মাধ্যমে ব্যাপক প্রচারের

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
রাজশাহী

ইমেইল : deorajshahi@yahoo.com, ওয়েব সাইট : www.deo.rajshahi.gov.bd

স্মারক নং : জেশিঅ/রাজ/ ১৬২৫৩১

তারিখ : ২৬.১১.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :

১। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী


অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

১। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), রাজশাহী

সংযুক্ত পত্রের নির্দেশনা মোতাবেক আপনার আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে ডেঙ্গু রোগ প্রতিরোধ বিষয়ক স্বাস্থ্যবর্তী শিক্ষার্থীদের মাঝে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। অফিস নথি।


২৬/১১/২৪
(মোঃ আব্দুল আজিজ সরকার)
জেলা শিক্ষা অফিসার
রাজশাহী
টেলিফোন : ০২৫৮৮৮৫৬২৫৩



ডেঙ্গু বিষয়ক বিশেষ বার্তা

ডেঙ্গু একটি ভাইরাসজনিত রোগ যা এডিস মশার মাধ্যমে ছড়ায়। এই মশা সাধারণতঃ ভোরবেলা ও সন্ধ্যার পূর্বে কামড়ায়। সাধারণ চিকিৎসাতেই ডেঙ্গু জ্বর সেরে যায়, তবে ডেঙ্গু শক সিনড্রোম এবং হেমোরাজিক ডেঙ্গু জ্বর মারাত্মক হতে পারে। বর্ষার সময় সাধারণত এ রোগের প্রকোপ বাড়ে। এডিস মশার বংশ বৃদ্ধি রোধের মাধ্যমে ডেঙ্গু জ্বর প্রতিরোধ করা যায়।

এডিস মশা ডিম পাড়ার ও বংশবিস্তারের স্থান



- ডেঙ্গু এডিস মশা বাহিত ভাইরাসজনিত একটি রোগ
- এ রোগের প্রধান লক্ষণ-জ্বর। অন্যান্য লক্ষণের মধ্যে রয়েছে- মাথা ব্যথা, শরীরে লালচে দানা, শরীরে ব্যথা, হাঁড়ে ব্যথা, চোখে ব্যথা, বমি বমি ভাব, বমি হওয়া, পাতলা পায়খানা ইত্যাদি
- জ্বর হলে স্বাভাবিক খাবারের পাশাপাশি বেশি বেশি তরল খাবার খাবেন। যেমন-স্যুলাইন, ডাবের পানি, লেবুর শরবত, ফলের রস, স্যুপ ইত্যাদি
- জ্বর হলে (অন্যান্য লক্ষণ না থাকলেও) অবশ্যই চিকিৎসকের পরামর্শ নিয়ে ডেঙ্গু পরীক্ষা করান।
- ডেঙ্গু সনাক্ত হলে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা নিন।
- ডেঙ্গু রোগীর ক্ষেত্রে জ্বর সেরে যাওয়ার পরবর্তী সময় খুবই ভয়ংকর। এ সময় তীব্র পেট ব্যথা, বার বার বমি, পাতলা পায়খানা অথবা শরীরের যে কোন স্থান থেকে রক্তক্ষরণ, রোগীর শরীর, হাত-পা ঠাণ্ডা হলে, কিছুই খেতে না পারলে, শরীর অনেক দুর্বল, হাঁটা-চলা করতে কষ্ট হলে অতি দ্রুত হাসপাতালে ভর্তি হয়ে চিকিৎসা নিন
- আপনার বাড়ির ফুলের টব, ফ্রিজে জমানো পানি, পরিত্যক্ত টায়ার, ডাব/নারিকেলের খোসা, প্লাস্টিকের বোতল ও আশে পাশে পড়ে থাকা পাত্রে জমে থাকা পানি ৩ দিনের মধ্যে ফেলে দিন।
- আপনার বাড়ির আঙ্গিনা পরিষ্কার পরিচ্ছন্ন রাখুন; ডেঙ্গু মুক্ত থাকুন।

ডেঙ্গু জ্বরের লক্ষণ



সেবা নিন, সুস্থ থাকুন
ডেঙ্গু হলে নিকটস্থ স্বাস্থ্য কেন্দ্রে যোগাযোগ করুন



লাইফস্টাইল, হেলথ এডুকেশন এন্ড প্রমোশন
স্বাস্থ্য শিক্ষা বুরো, স্বাস্থ্য অধিদপ্তর
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

